

# বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৯, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমুদ্ধায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(শাখা-প্রজেই-৩)

## প্রজ্ঞাপন :

ঢাকা, ২২শে আক্টোবর ১৯৯০/৮ই অক্টোবর ১৯৯০

এস, আর, ও নং ৩৪৯-আইন/৯০/শা-প্রজেই-৩/১ আর-চ/৯০/৩৪৫— স্থানীয় সরকার (জেলা পরিষদ) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ২৯ নং আইন) এর ধারা ৩৫, ধারা ২২ এর সহিত পঠিতবা, তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদসংকলন প্রচলিত সকল বিধি, প্রবিধুন এবং অন্য কোন প্রকার আদেশ বা নির্দেশ, যদি থাকে, বাতিলভাবে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,

যথা :—

### প্রথম অধ্যায়

#### সূচনা

১। সংক্ষিপ্ত শিরনাম ও প্রয়োগ।— (১) এই বিধিমালা স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জেলা পরিষদের সকল কর্মকর্তা এবং কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার হইতে প্রেম্পনে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে এই বিধিমালার কোন কিছু প্রযোজ্য বনিয়া তাহাদের চাকুরীর শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,

(ক) “আইন” বলিতে স্থানীয় সরকার (জেলা পরিষদ) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ২৯ নং আইন) বুকাইবে;

(৭৭৪৩)

মূল্য়: টাকা ২০

- (খ) “অসদাচরণ” বলিতে চাকুরীর শৃংখলা বা নিয়মের হানিকর, অথবা কুমকর্তা বা কর্মচারী বা ডদজনের পক্ষে শোভনীয় নয় এমন, আচরণ বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—
- (১) উর্ধ্বতন কর্মকর্তার আইন সংগত আদেশ অমান্যকরণ;
  - (২) কর্তব্যে অবহেলা;
  - (৩) কোন আইন সংগত কারণ ব্যতিরেকে জেলা পরিষদের কোন আপরিপূর্ণ অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন ; এবং
  - (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনা বিরতিকর, মিথ্যা বা ভিত্তিহীন অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশ-করণ।
- (গ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই বিধিমালার অধীন কোন নির্দিষ্ট কার্য নিষ্ঠ জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে সরকার অথবা জেলা পরিষদ কর্তৃক মন্ম কর্তৃপক্ষকে বুঝাইবে :
- (ঘ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ ব জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং নিয়োগ কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ঙ) “কর্মকর্তা” বলিতে জেলা পরিষদের কোন কর্মকর্তারে বুঝাইবে ;
- (চ) “কর্মচারী” বলিতে কর্মকর্তা নন জেলা পরিষদের এমন যে কোন কর্মচা বুঝাইবে ;
- (ছ) “তফসিল” বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে
- (জ) “ডিপ্রী” বা “ডিপ্রোমা” বা “সাটিফিল্ট” বলিতে ক্ষেত্রমত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনসিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক ডিপ্রী, ডিপ্রোমা বা শিক্ষাগত যোগাতা নির্দেশক সাটিফিল্টকে বুঝাইবে ;
- (ঝ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে কর্মকর্তার ক্ষেত্রে সরকারকে বুঝাইবে ; কর্মচারীর ক্ষেত্রে জেলা পরিষদকে বুঝাইবে (প্রেয়েনের পদসমূহ ব্যতীত) ;
- (ঝঝ) “পদ” বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে ;
- (ট) “প্লায়ন” বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মসূল ত্যাগ করা, অথ দিন বা তদৃধ সময় যাবত বর্ত্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনু কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর যাটি দিন ক্ষয় পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতি ত্যাগ এবং ত্রিশ দিন বা তদৃধ সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতি ত্যাগ করা এবং বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর যাটি দিন বা তদৃ বিদেশে অবস্থান করাকে বুঝাইবে ;

- (৫) “প্রয়োজনীয় যোগাতা” বলিতে কোন পদের বিপরীতে তফসিলে উল্লিখিত যোগাতাকে বুঝাইবে;
- (৬) “বাছাই কমিটি” বলিতে বিধি ৪ এর অধীন গঠিত কোন বাছাই কমিটিকে বুঝাইবে;
- (৭) “স্বীকৃত ইন্সটিউট” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” বলিতে এই বিধিমালার উদ্দেশ্য পূরণকালে জেলা পরিষদ কর্তৃক স্বীকৃত কোন ইন্সটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
- (৮) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকালে জেলা পরিষদ কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৯) “স্বীকৃত বোর্ড” বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকালে জেলা পরিষদ কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি ।—(১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিয়োগান্ত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

- (ক) সরাসরি নিয়োগ;
- (খ) পদোন্নতি;
- (গ) প্রেরণ।

(২) কোন পদের জন্য কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগাতা না থাকিলে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উত্তর পদের জন্য তফসিলে নির্ধারিত বয়স-সীমার মধ্যে না হইলে, তাহাকে উত্তর পদে নিয়োগ করা হইবে না:

তবে শর্ত থাকে যে, সরকারের নির্দেশ অনুসারে কোন বিশেষ শ্রেণীর প্রার্থীগণের ক্ষেত্রে উত্তর বয়স-সীমা শিথিল করা যাইবে।

৪। বাছাই কমিটি ।—কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে নিয়োগকারী বর্তুপক্ষ এক বা একাধিক বাছাই কমিটি নিয়োগ করিবে।

৫। সরাসরি নিয়োগ ।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগান্তের জন্য উপযুক্ত বিবেচিত হইবে না যদি তিনি—

(ক) বাংলাদেশের মাগরিক না হন; অথবা

(খ) বাংলাদেশের মাগরিক নহেন এইরাগ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা হাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উত্তর পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে জেলা পরিষদ কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্যবেক্ষণ বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যসংরক্ষণভাবে উত্তর পদের দায়িত্ব পালনের উপযুক্ত বিনিয়োগ প্রত্যয়ন করেন;
- (খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, জেলা পরিষদের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে-সকল পদ উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবান করিয়া পূরণ করা হাইবে এবং এইরূপ নিয়োগ দানের ক্ষেত্রে— সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হাইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে এতদুদ্দেশ্যে নিযুক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হাইবে।

৬। শিক্ষানবিসি।— (১) সরাসরিভাবে নিয়োগ প্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের শিক্ষানবিসি সম্বন্ধে—

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন ব্যক্তির ক্ষেত্রে উত্তর মেয়াদ অনুর্ধ্ব ছয় মাসের জন্য বুঝি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হাইবে না, যদি না তিনি সতোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং জেলা পরিষদ কর্তৃক সময় সঁময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।— (১) বিধি-১৫ এর বিধান সাপেক্ষে, কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে বাছাইকৃত প্রাথমিকদের তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবে।

(২) কোন ব্যক্তির চাকুরীর রূপান্তর (সার্টিস রেকর্ড) সতোষজনক মা হইলে তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হাইবেন না।

৮। প্রেষণে নিয়োগ।— তফসিলের বিধান অনুযায়ী কোন পদে প্রেষণে নিয়োগ করিতে হইলে সরকার সরকারী কর্মে নিয়োজিত কোন উপযুক্ত ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবে।

প্রেষণে নিযুক্ত ব্যক্তির ক্ষেত্রে নিযুক্তিতে শর্তাবলী প্রযোজ্য হাইবে, যথাঃ—

- (ক) জেলা পরিষদ তাহার নিজস্ব তহবিল হাইতে প্রেষণে নিযুক্ত ব্যক্তির বেতন, ভাতাদি, ভ্রমণ ভাতা ও প্রাপ্ত অন্যান্য সুবিধাদি প্রদান করিবে এবং প্রেষণে নিয়োজিত সরকারী কর্মকর্তা বা কর্মচারীর ছুটি কালীন বেতন ও পেম্পনের জন্য প্রয়োজনীয় চাঁদা ইত্যাদি প্রদান করিবে;

প্রেষণে নিয়োজিত সরকারী কর্মকর্তা বা কর্মচারী জেলা পরিষদের উক্ত পদের ঘাবতীয় দায়-দায়িত্ব পালন করিবেন ও উহার জন্য দায়ী থাকিবেন এবং প্রেষণে নিয়োজিত থাকাকালীন সময়ে তাহারা যথারীতি সরকারী কর্মকর্তা বা কর্মচারী হিসাবে বিবেচিত হইবেন।

### চৃতীয় অধ্যায়

#### চাকুরীর সাধারণ শর্তাবলী

১। যোগদানের সময়।— (১) এক চাকুরী স্থল হইতে অন্য চাকুরী স্থলে বদলীর ক্ষেত্রে একই পদে বা কোন নৃতন পদে যোগদানের জন্য কোন কর্মকর্তা বা কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন, এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পছায় ভ্রমণে প্রকৃতপক্ষে অভিবাহিত সময় :—

তবে শর্ত থাকে যে, এই উপ-বিধি অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মকর্তা বা কর্মচারীকে তাহার নৃতন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না সেক্ষেত্রে নৃতন কর্মস্থলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া হইবে না ; এবং এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ উপ-বিধি (১) ও (২) এর অধীন প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মকর্তা বা কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য বদলী হইলে, তাহার পুরাতন চাকুরীর স্থল হইতে, অথবা যে স্থানে তিনি বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা উক্ত কর্মকর্তা বা কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) এই বিধির অধীনে এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলীর ব্যাপারে কোন ক্ষেত্রে এই বিধির বিধানাবলী, অপর্যাপ্ত প্রতীয়মান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মকর্তা বা কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা আদেশ, প্রযোজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

১০। বেতন ও ভাতা।—সরকার বিভিন্ন সময়ে যেৱাপ নির্ধারণ কৰিবে কৰ্মকৰ্তা ও কৰ্মচারীদের বেতন ও ভাতা সেৱাপ হইবে।

১১। প্রারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কৰ্মকৰ্তা বা কৰ্মচারীকে প্ৰথম নিয়োগেৰ সময়ে উভয় পদেৰ জন্য নিৰ্ধাৰিত বেতনক্ষমেৰ সৰ্বনিমুক্ত হইবে তাহাৰ প্রারম্ভিক বেতন।

(২) কোন বাসিন্দিকে তাহাৰ বিশেষ মেধাৰ স্বীকৃতি স্বৱাপ, সংশ্লিষ্ট বাছাই কমিটিৰ সুপারিশেৰ ভিত্তিতে, উচ্চতৰ প্রারম্ভিক বেতন প্ৰদান কৰা যাইতে পাৰে।

(৩) সরকার ইহাৰ কৰ্মচারীদেৱ বেতন সংৰক্ষণেৰ উদ্দেশ্যে সময় সময় যে নিৰ্দেশাবলী জাৰী কৰে তদন্মতারে জেলা পৰিয়দেৱ কৰ্মচারীদেৱ বেতন সংৰক্ষণ কৰা যাইতে পাৰে।

১২। পদোন্নতিৰ ক্ষেত্ৰে বেতন।—কোন কৰ্মচারীকে পদোন্নতি প্ৰদান কৰা হইলে, সাধাৰণত ৪ সেই পদেৰ জন্য নিৰ্ধাৰিত বেতনক্ষমেৰ সৰ্বনিমুক্ত হইবে তাহাৰ বেতন নিৰ্ধাৰিত হইবে, তবে উভয় সৰ্বনিমুক্তৰ অপেক্ষা তাহাৰ পুৱাতন পদে প্ৰাপ্ত মূল বেতন উচ্চতৰ হইলে, উচ্চতৰ পদেৰ জন্য নিৰ্ধাৰিত বেতনক্ষমেৰ যে স্তৱাটি তাহাৰ পুৱাতন পদেৰ মূল বেতনেৰ অব্যবহিত উপৱেৰ স্তৱ হয়। সেই স্তৱে তাহাৰ বেতন নিৰ্ধাৰিত হইবে।

১৩। বেতন বৰ্ধন।—(১) বেতন বৰ্ধন স্থগিত রাখা না হইলে, সাধাৰণতঃ সময়মত নিৰ্ধাৰিত হারে প্ৰত্যোক কৰ্মকৰ্তা বা কৰ্মচারীৰ বেতন বৰ্ধিত হইবে।

(২) বেতন বৰ্ধন স্থগিত রাখা হইলে, উহাৰ যে মেয়াদ পৰ্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকাৰী কৰ্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ কৰিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাৱে শিক্ষানবিসিকাল সমাপ্ত না কৰিলে এবং চাকুৱাতে স্থায়ী না হইলে, তিনি বেতন বৰ্ধনেৰ অধিকাৰী হইবেন না।

(৪) প্ৰশংসনীয় বা অসাধাৰণ কৰ্মেৰ জন্য জেলা পৰিয়দ কোন কৰ্মকৰ্তা বা কৰ্মচারীকে এক সংগে অন্তৰিক দুষ্টি বিশেষ বেতন বৰ্ধন মঞ্চুৰ কৰিতে পাৰিবে।

(৫) যে ক্ষেত্ৰে কোন বেতনক্ষমেৰ দক্ষতা-সীমা নিৰ্ধাৰিত রহিয়াছে, সেক্ষেত্ৰে কোন কৰ্মচারীৰ বেতন বৰ্ধন স্থগিত কৰিবাৰ জন্য কৰ্মতাৰম্পন্ন উপযুক্ত কৰ্তৃপক্ষেৰ সুনিদিষ্ট মঞ্চুৰী বাতীত তাহাৰ দক্ষতা-সীমাৰ অব্যবহিত উপৱেৰ বেতন বৰ্ধন অনুমোদন কৰা যাইবে না; এইকপ মঞ্চুৰীৰ ক্ষেত্ৰে এই মৰ্মে প্ৰতিবেদনকাৰী কৰ্মকৰ্তাৰ সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কৰ্মকৰ্তা বা কৰ্মচারীৰ কাজকৰ্ম দক্ষতা-সীমা অতিক্ৰম কৰাৰ জন্য উপযুক্ত ছিল।

১৪। জোষ্ঠতা।—(১) একই বিধিৰ অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কৰ্মকৰ্তা বা কৰ্মচারীৰ জোষ্ঠতা সেই পদে তাহাৰ যোগদানেৰ তাৰিখ হইতে গগনা কৰা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মকর্তা বা কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ  
বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতরূপ মেধাতালিকা ভিত্তিক সুপারিশ অনুসারে উভয় কর্মকর্তা বা  
কর্মচারীদের পারস্পরিক জোষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতি প্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত  
ব্যক্তিগণ জ্যোষ্ঠ হইবেন।

(৪) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া  
হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জোষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক  
জোষ্ঠতা স্থির করা হইবে।

(৫) জেলা পরিষদ ইহার কর্মকর্তা ও কর্মচারীদের প্রেতওয়ারী জোষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ  
করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) The Government Servants (Seniority of Freedom Fighter)  
Rules, 1979 এর বিধানসমূহ উভাতে প্রয়োজনীয় অভিযোজনসহ, জেলা পরিষদের কর্মকর্তা  
বা কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৫। পদোন্নতি ।— (১) তফসিলের বিধানবলী সাপেক্ষে, কোন কর্মকর্তা বা কর্মচারীকে  
পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবল যাত্র জোষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী  
করিতে পারিবেন না।

(৩) কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরীর রূপান্তর সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির  
মাধ্যমে কোন পদে নিয়াগপ্রাপ্তের ঘোষ বলিয়া বিবেচিত হইবেন না।

(৪) সরকার কর্তৃক নির্ধারিত বেতন ক্রমের পদসমূহে পদোন্নতি মেধা-তথা জোষ্ঠতার  
ভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মকর্তা বা কর্মচারীকে, ব্যক্তিগত ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ কৃতিত্ব,  
কর্তব্য নিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার  
কারণে পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১৬। প্রেষণে ও পূর্বস্থত ।— (১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে জেলা পরিষদ যদি  
মনে করে যে, উভার কোন কর্মকর্তা বা কর্মচারীর পারদশতা বা তত্ত্বকৃত গৃহীত বিশেষ প্রশংসন  
অন্য কোন সংস্থা, অতঃপর হাওলাত প্রহণকারী সংস্থা বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা  
হইলে জেলা পরিষদ এবং হাওলাত প্রহণকারী সংস্থার পরসম্পরের মধ্যে সম্মত মেয়াদে ও  
শর্তাধীনে উভয় সংস্থার কোন পদে প্রেষণে কর্মরত থাকিবার জন্য উভয় কর্মকর্তা বা কর্মচারীকে  
নির্দেশ দেওয়া যাইতে পারে:

তবে শর্ত থাকে যে, কোন কর্মকর্তা বা কর্মচারীকে তাহার সম্মতি ব্যক্তিকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া যাইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা জেলা পরিষদের কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা রয়েছে বলিয়া বোধ করিলে জেলা পরিষদ উক্ত কর্মকর্তা বা কর্মচারীর সম্মতি নইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-বিধি(২)-তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়-সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) প্রেষণের সময়কাল, ব্যক্তিগত ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;

(খ) জেলা পরিষদের চাকুরীতে উক্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বস্থ থাকিবে এবং প্রেষণের মেয়াদ অন্তে অথবা উক্ত মেয়াদের পূর্বে ইহার অবসান ঘটিলে, তিনি জেলা পরিষদে প্রত্যাবর্তন করিবেন ;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভবিষ্যত তহবিল বাবদ প্রাপ্ত অর্থ, যদি থাকে, পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মকর্তা বা কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি জেলা পরিষদে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সংগে একত্র বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে জেলা পরিষদে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা বা কর্মচারী প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে জেলা পরিষদ তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথা সময়ে ফেরত না আসেন, তাহা হইলে, উপ-বিধি (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জোষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মকর্তা বা কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে, প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে এবং এইরূপ ক্ষেত্রে কোন আধিক সুবিধা ছাড়াই (Next Below Rule) অন্যায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জোষ্ঠতা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থায় প্রেষণে থাকাকালে পদোন্নতি জনিত কোন আধিক সুবিধা পাইবেন কিনা' তাহা জেলা পরিষদ ও উক্ত সংস্থার পরম্পরের সম্মতিগ্রহণে স্থিরীকৃত হইবে।

(৭) শুঁখলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে শুঁখলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন :

করে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করা হইয়াছে তাহা  
অন্ত গ্রহণকারী সংস্থা জেলা পরিষদকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে সূচিত শৃঙ্খলামূলক কার্যধারায়  
আঙ্গ স্থের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার  
উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ জেলা  
পরিষদের নিকট প্রেরণ করিবে এবং অতঃপর কর্তৃপক্ষ যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে  
সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়  
ছুটি, ইত্যাদি

১৭। বিভিন্ন প্রকারের ছুটি।—(১) কর্মকর্তা এবং কর্মচারীগণ নিম্নবর্ণিত যে কোন  
ধরনের ছুটি পাইবেন, যথাঃ—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অঙ্গমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্রহোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অঙ্গমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি বাতীত  
অন্যবিধি ছুটি মঞ্জুর করিতে পারে এবং উহা সাধারণ বন্ধের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান  
করা যাইতে পারে।

(৩) নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অঙ্গমতাজনিত  
ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে।

১৮। পূর্ণবেতনে ছুটি।—(১) প্রতোক কর্মকর্তা ও কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে  
অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্ত  
এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-বিধি (১)<sup>\*</sup> এর অধীন অজিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা  
সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর ছুটির হিসাবে একটি পৃথক খাতে জমা দেখানো হইবে; ডাঙ্গারী  
সাটিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও  
চিত্তবিনোদন এর জন্য, উক্ত জমাহুত ছুটি হইতে পূর্ণবেতনে ছুটি মঞ্জুর করা যাইতে  
পারে।

১৯। অর্ধ-বেতনে ছুটি ।—(১) প্রত্যেক কর্মকর্তা বা কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিরিক্ত কার্যদিবসের ১/১১ হারে অর্ধ-বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ জমা হওয়ার কোন সীমা থাকিবে না ।

(২) ডাক্তারী সাটিফিকেট দাখিল সাপেক্ষে, অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে এক দিনের পূর্ণ বেতনে ছুটির হারে অর্ধ-বেতনে ছুটিকে পূর্ণ-বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে এবং এরূপ রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে গড় বেতনে বার মাস ।

২০। প্রাপ্তাবিহীন ছুটি ।—(১) ডাক্তারী সাটিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে হইলে, তিনমাস পর্যন্ত অর্ধ-বেতনে প্রাপ্তাবিহীন ছুটি মঙ্গুর করা যাইতে পারে ।

(২) কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্তাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে তিনি উক্ত ভোগস্থূল ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত ন্যূনতমভাবে উপ-বিধি (১) এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না ।

২১। বিনা বেতনে অসাধারণ ছুটি ।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে অথবা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী নির্ধিত ভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঙ্গুর করা যাইতে পারে ।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের তারিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বাধিত করা যাইতে পারে, যথাঃ—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতি-প্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি জেলা পরিষদে চাকুরী করিবেন ; অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী চিকিৎসাধীন থাকেন ; অথবা

(গ) যে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, উক্ত কর্মকর্তা বা কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বিহীনভাবে কারণে কর্তব্যে জ্ঞানদান করিতে অসমর্থ ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মকর্তা বা কর্মচারীর বিনা ছুটিতে অনুগ্রহিতির সময়কে ত্রুতাপেক্ষ কার্যকরতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন ।

২২। বিশেষ অক্ষমতাজনিত ছুটি ।—(১) কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আয়ত্তপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করিতে পারেন ।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসের পুনরাবৃত্তি প্রকাশ না পাইলে, এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি উক্ত অক্ষমতার কারণ অবিলম্বে উক্ত অক্ষমতাকে কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় মনিয়া এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা কর্তৃপক্ষ প্রতিয়ন করিবে সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঙ্গুর করা হইবে; উক্ত চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যয়ন ব্যাতিরেকে তাহা বধিত করা হইবে না ; এবং এইরূপ ছুটি কোনক্রমেই চরিত্র মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরণের অবস্থার পরবর্তীকালে কোন সময় অক্ষমতা রুজি পায় বা উহার পুনরাবৃত্তি হটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবারে মঙ্গুরকৃত ছুটির পরিমাণ চরিত্র মাসের অধিক হইবে না ; এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গুর করা যাইবে।

(৬) উধূমাত্র আনুভূতিকের ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তৃব্য পালনের সময় হিসাবে গণ্য করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা :—

(ক) উপ-বিধি (৫) এর অধীনে মঙ্গুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চারি মাসের জন্য পূর্ণ বেতন ; এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ-বেতন।

(৮) এই বিধির অন্যান্য বিধানসমূহের প্রয়োজ্যতা এমন কর্মকর্তা বা কর্মচারীর ক্ষেত্রেও সম্পূর্ণরূপে অবস্থার পদে অধিকারী কর্তৃব্য পালনকালে, বা উহা পালনের পরিগতিতে অথবা তাহার পদে অধিকারী কর্তৃব্য পালনকালে তাহার পদের স্থানাবস্থাত আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নিম্নলিখিত কোন কর্তৃব্য পালনকালে তাহার পদের স্থানাবস্থাকে বিরুদ্ধে বিহীনভাবে অসম্মত করে এইরূপ অসুস্থতা বা জরুরী দরুণে অক্ষম হইয়াছেন।

২৩। সংগরোধ ছুটি।—(১) কোন কর্মকর্তা বা কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রান্ত ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সংগরোধ ছুটি।

(২) অফিস প্রধান, কোম চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ কর্মকর্তার সাটিফিকেট এর ভিত্তিতে অনুর্ধ ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থায় অনুর্ধ ৩০ দিনের জন্য সংগ্রোধ ছুটি মঞ্চুর করিতে পারেন।

(৩) সংগ্রহাধের জন্য উপ-বিধি (২) এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই বিধিমানার অধীন অন্য কোন প্রকরণ ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) সংগ্রহোধ ছাউলি অন্য যে কোন প্রকার ছাউলির সংগে সংযুক্ত করিয়াও মজুর করা যাইতে পারে।

(৫) সংগ্রহোধ ছুটিতে থাকাকালে কোন কর্মকর্তা বা কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বনিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মকর্তা বা কর্মচারী নিজেই সংক্রামক ব্রাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৪। প্রসূতি ছাট।—(১) কোন মহিলা কর্মকর্তা বা কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছাট মঙ্গুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে যাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছাঁটি মঞ্জুরীর অনুরোধ কোন নিরবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মকর্তা বা কর্মচারীর প্রাপ্য অন্য যে কোন ছাঁটির সহিত একত্রে বা উভা সম্মিলিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) জেলা পরিষদে কোন কর্মকর্তা বা কর্মচারীর সম্পূর্ণ চাকুরুলি জীবনে তাহাকে দুইবারের অধিক প্রসতি ছাট মঙ্গর করা যাইবে না।

২৫। অবসর প্রস্তুতি ছুটি ।—(১) কোন কর্মকর্তা বা কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ-বেতনে এবং আরও ছয় মাস অর্ধ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি গাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর প্রথমের তারিখ অতিক্রম করার পরেও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু আটাম বৎসর বয়স সীমা অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার অবসর গ্রহণের কমপক্ষে একমাস পূর্বে অবসর প্রস্তুতি ছুটির জন্য অবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হত্যা যাইবে।

(৩) কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার অবসর প্রয়োগের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর প্রত্যাহার করিবেন।

২৬। অধ্যয়ন ছুটি।—(১) জেলা পরিষদ তাহার চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইকপে ব্রেজিনিক, কারিগরী বা অন্যরূপ সমস্যাদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ

স্বত্ত্ব কোন কর্মকর্তা বা কর্মচারীকে উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ-বেতনে অধিক বার মাস  
কর্তৃপক্ষ ছুটি মঞ্চুর করিতে পারে; এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে।

(২) বেতনে কোন কর্মকর্তা বা কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্চুর  
কর্তৃ হইব এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঙ্গুরীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা  
প্রশিক্ষণ ও গরীবার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেক্ষেত্রে সময়ের অর্থতা পূরণকালে  
উপযুক্ত কর্তৃপক্ষ অধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বাধিত করিতে  
পছৰন।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে  
অধ্যয়ন-ছুটি মঞ্চুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্চুরীকৃত ছুটি কোন ক্রমেই একত্রে মোট দুই  
বৎসরের অধিক হইবে না।

২৭। নৈমিত্তিক ছুটি।— সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা  
বৎসরে মোট শতদিন ছুটি নির্ধারণ করিবে কর্মকর্তা ও কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি  
পাইবেন।

২৮। ছুটির পদ্ধতি।— (১) প্রত্যেক কর্মকর্তা বা কর্মচারীর ছুটির হিসাব জেলা পরিষদ  
কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত ফরমে ও উপযুক্ত কর্তৃপক্ষের  
মিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মরত্ত আছেন তাহার সুপারিশক্রমে উপযুক্ত  
কর্তৃপক্ষ ছুটি মঞ্চুর করিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, সংশ্লিষ্ট কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত্ত  
কোন কর্মকর্তা বা কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি আনুষ্ঠানিক মঙ্গুরী আদেশ সাপেক্ষে  
উক্ত কর্মকর্তা বা কর্মচারীকে অন্ধ ১০ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে  
পারেন।

২৯। ছুটিকালীন বেতন।— (১) কোন কর্মকর্তা বা কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে  
থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে  
ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মকর্তা বা কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি  
সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ-হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী  
হইবেন।

৩০। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।— ছুটি ভোগ্যত কোন কর্মকর্তা বা কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা হইলে, তিনি যে কর্মসূলি ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার পর হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে দ্রমগের জন্য বিধি অনুযায়ী দ্রমণ-ভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

পঞ্চম অধ্যায়  
দ্রমণ ভাতা, ইত্যাদি

৩১। দ্রমণ ভাতা, ইত্যাদি।— (১) জেলা পরিষদের কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থে বা বিদলী উপলক্ষে দ্রমগের জন্য সরকারী কর্মচারীদের মত একই হারে দ্রমণ ভাতা, দৈনিক ভাতা ইত্যাদি পাওয়ার অধিকারী হইবেন।

(২) সংশ্লিষ্ট কর্মকর্তা তাহার অধীনে কর্মরত কর্মচারীর দ্রমণ ভাতা, দৈনিক ভাতা ইত্যাদি চেয়ারম্যানের অনুমোদনক্রমে এবং চেয়ারম্যান কর্মকর্তার দ্রমণ ভাতা, দৈনিক ভাতা ইত্যাদি মঞ্চুর করিবেন।

৩২। সম্মানী, ইত্যাদি।— (১) জেলা পরিষদ উহার কোন কর্মকর্তা বা কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা বা উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যাবিধভাবে সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে।

(২) এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক সুপারিশকৃত না হইলে উপ-বিধি (১) এর অধীন কোন সম্মানী বা পুরস্কার মঞ্চুর করা হইবে না।

৩৩। দায়িত্ব ভাতা।— কোন কর্মকর্তা বা কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কর্মপক্ষে একুশ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে তাহার মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত দায়িত্ব ভাতা কোন ক্রমেই দুইশত টাকার উর্ধে হইবে না।

৩৪। উৎসব ভাতা।— সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক জেলা পরিষদের কর্মচারীগণকে উৎসব ভাতা প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠি অধ্যায়  
চাকুরীর বৃত্তান্ত

৩৫। চাকুরীর বৃত্তান্ত।—(১) জেলা পরিষদ প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীর চাকুরী জীবনের ঘটনা যথা— চাকুরীতে যোগদানের সূচক সংরক্ষণ করিবে।

(২) চাকুরী বইতে সকল কর্মকর্তা এবং কর্মচারীর চাকুরী জীবনের ঘটনা যথা— চাকুরীতে যোগদানের অভিব্র, বেতনক্রম, প্রারম্ভিক বেতন, বাধ্যাত্মিক বেতন বৃদ্ধি, পদোন্নতি ইত্যাদি যাবতীয় বিষয় সিপিবন্ধ কর্মসূচিতে হইবে।

(৩) চাকুরী বইতে স্বাক্ষরকারী কর্মকর্তা এই মর্মে নিশ্চিত হইবেন যে, সকল ঘটনা যথাযথভাবে সিপিবন্ধ এবং স্বাক্ষরিত হইয়াছে; উহাতে কোন প্রকার ঘষামাজা অথবা লেখার উপরে লেখা (over writing) চলিবে না।

(৪) প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীর জন্য পৃথক পৃথক ব্যক্তিগত স্থির থাকিতে হইবে যাহাতে তাহার যাবতীয় যোগাযোগ পত্র অথবা উহার সত্যায়িত অনুলিপি সংরক্ষণ করা যাইতে পারে।

৩৬। বার্ষিক প্রতিবেদন।—(১) জেলা পরিষদ উহার কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে এবং বিশেষ ক্ষেত্রে প্রয়োজন বোধে জেলা পরিষদ উহার কোন নির্দিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর গোপনীয় প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিজ্ঞপ্তি মন্তব্য থাকিসে, উহার কৈফিয়াত প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ দেওয়া হইবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৭। আচরণ ও শৃঙ্খলা।—(১) প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী,—

(ক) এই বিধিমালা মানিয়া চলিবেন;

(খ) যে ব্যক্তি বা ব্যক্তিগোষ্ঠী এখানের অধিকারী, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আগামতঃ কর্মে নিয়োজিত রাখিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন; এবং

(গ) সতত, নিষ্ঠা ও অধিবসায়ের সহিত জেলা পরিষদের চাকুরী করিবেন।

(২) কোন কর্মকর্তা বা কর্মচারী,—

(ক) কোন রাজান্তিক আন্দোলনে অংশ গ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চৌদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং পরিষদের যার্দের পরিপন্থী কোন কর্মকলাপে নিজেকে জড়িত করিবেন না;

- (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যক্তিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন  
না কিন্তু চাকুরীরস্থ ভ্যাগ করিবেন না;
- (গ) পরিষদের সহিত লেনদেন রাখিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রাখিয়াছে এমন ব্যক্তি  
বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;
- (ঘ) কোন দীর্ঘ কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোর ব্যবসায়ের কাজে নিয়োজিত ইবেল না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি  
হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না;
- (চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যক্তিরেকে ব্যক্তিরে কোন অবৈতনিক বা বৈতনিক  
চাকুরী গ্রহণ করিবেন না; এবং
- (ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যক্তিত কোন খতকালীন কার্যের দায়িত্ব গ্রহণ  
করিবেন না।
- (৫) কোন কর্মকর্তা বা কর্মচারী জেলা পরিষদের নিকট বা উহার চেয়ারম্যান বা কোন সদস্যের নিকট  
কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না; কোন নিবেদন থাকিলে, তাহা কর্মকর্তা বা কর্মচারীর  
অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।
- (৬) কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীয় সমর্থনে জেলা পরিষদের  
চেয়ারম্যান বা সদস্য বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অন্যবিধ প্রভাব করিবেন না।  
অথবা বিভাগের ছেঁটা করিবেন না।
- (৭) কোন কর্মকর্তা বা কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মর্যাদা বা  
স্বন্দর সদস্য বা অন্য কোম বেসরকারী বা সরকারী ব্যক্তির শরণাপনা হইবেল না।
- (৮) কোন কর্মকর্তা বা কর্মচারী জেলা পরিষদের বিময়াদি সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমতি  
ব্যক্তিগত সংবাদপত্র বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন ঘোষণাগত স্থাপন করিবেন না।
- (৯) প্রত্যেক কর্মকর্তা বা কর্মচারী অভ্যাসগত ঝঁঁ প্রত্যক্ষ পরিহার করিবেন।

#### ৩৮। দণ্ডের ভিত্তি—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মকর্তা বা কর্মচারী,—

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা

(গ) প্রত্যানের দায়ে দোষী হন, অথবা

(ঘ) অদৃশ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন, অথবা

(ঙ) নিম্নবর্ণিত কারণে দূর্নীতিপ্রায়ণ হন বা মুক্তিসংগতভাবে দূর্নীতিপ্রায়ণ বলিয়া বিবেচিত হন  
ব্যক্তি ৪—

(খ) তিনি বা তাহার কোন পোত্য বা স্ত্রীর মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি  
তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ অর্থ সম্পদ বা সম্পত্তি দখল  
করেন বা তার অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন, অথবা

- (অ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবন-যাপন করেন; অথবা  
 (ই) চুরি, আত্মসাং, তহবিল তসরুপ বা প্রতারণার দায়ে দোষী হন, অথবা  
 (ছ) জেলা পরিষদ বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকভায়ুলক কোন কর্মে শিষ্ট হন, বা  
 অনুরূপ কার্যে শিষ্ট রাখিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ  
 অন্যান্য ব্যক্তিদের সহিত স্থগিত রাখিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে  
 যে, উক্ত অন্যান্য ব্যক্তিগণের সহায়তায় জেলা পরিষদের ক্ষতি বা জাতীয় নিরাপত্তার হানিকর

বা নাশকভায়ুলক কার্যে শিষ্ট রাখিয়াছেন এবং সেই কারণে তাহাকে চাকুরীতে রাখা সমীচীন  
 নহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড  
 আরোপ করিতে পারেন।

৩১। দণ্ডসমূহ।-(১) এই বিধির অধীনে নিম্নরূপ দণ্ডসমূহ আয়োপযোগ্য হইবে, যথা :-

(ক) নিম্নরূপ সংজ্ঞা দণ্ড, যথা :-

(অ) ত্রিক্ষার;

(আ) নিসিট দেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন স্থগিত রাখা; বা

(ই) অনুর্ধ্ব ৭ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ বেতন হইতে কর্তন।

(ঘ) নিম্নরূপ গুরাদণ্ড, যথা :-

✓ (অ) নিম্ন পদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নতরে অবনতকরণ;

✓ (আ) কর্মচারী কর্তৃক সংঘটিত জেলা পরিষদের আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার  
 বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;

(ই) চাকুরী হইতে অপসারণ; এবং

(ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মকর্তা বা কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে বরং চাকুরী হইতে  
 বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, ভবিষ্যতে জেলা পরিষদের চাকুরীতে নিম্নুৎ হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

৪০। অংসূত্বক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।-(১) বিধি ৩৮ (ছ) এর অধীনে কোন  
 কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ :-

(ক) স্থগিত কর্তৃক বা কর্মচারীকে সিদ্ধিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লেখিত তারিখ হইতে  
 তাহার প্রাপ্য কোন প্রকার ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন;

(খ) সিদ্ধিত আদেশ দ্বারা তাঁহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রত্যাব করে সেই ব্যবস্থা এবং সেই  
 ব্যবস্থা গ্রহণের ডিসিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন; এবং

(গ) উপ-বিধি (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটির নিকট উক্ত কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে  
 প্রত্যবিত্ত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান  
 করিবেন।

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, জেলা পরিষদ বা জাতীয় নিরাপত্তার রূপে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অনুরূপ কোন সুযোগ প্রদান করা হইবে না।

(২) এই বিধির অধীনে কোন কার্য ধারায় তদন্ত সম্পর্ক করিবার জন্য কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মকর্তা বা কর্মচারীর পদ-মর্যাদার নিম্নে নহেন এমন তিনি জন কর্মকর্তার সম্বয়ে একটি তদন্ত কর্মিটি গঠন করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীনে গঠিত তদন্ত কর্মিটি অভিযোগের দণ্ড করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেরূপ উপযুক্ত বাণিয়া মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪। লঘুদণ্ডের ক্ষেত্রে তদন্তের পরিভ্রান্তি—(১) এই বিধিমালার অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীর বিলুপ্ত কর্মকর্তা স্তূপ করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইরূপ অভিযুক্ত পোষণ করে যে, তাহার বিজ্ঞানে অভিযোগ প্রয়োগিত হইলে, তাহাকে ডিক্ষার অপেক্ষা গুরুতর দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ-

(ক) অভিযুক্ত ব্যক্তির বিলুপ্ত আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে, এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্য দিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাহা জানাইবার জন্য তাহাকে নির্দেশ প্রদান করিবে; এবং

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ডের প্রদান করিতে পারে যাহাতে অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে ত্রিপাঁচি কার্য দিবসের মধ্যে সময় কার্যক্রম সমাপ্ত হয়ঃ।

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় অভিবাহিত হওয়ার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি অভিযুক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ, যথাযথ মনে করিলে, কৈফিয়ত পেশ করার জন্য দশটি কার্য দিবস পর্যন্ত সময় বৃক্ষির অনুমতি প্রদান করিতে পারিবেন।

আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নীচে নহেন এমন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে; এবং এইরূপ নিয়োগের ক্ষেত্রে, এই বিধির অধীন অনুমোদনযোগ্য সময়ের মধ্যে তদন্ত সম্পর্ক করার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ দিবেন; কিন্তু তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পর্ক করিতে না পারেন, তবে তিনি তদন্তের আবেদনকারীর কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে সময় বৃক্ষির জন্য অনুরোধ করিবেন এবং আবেদনকারী কর্তৃপক্ষ, অনুরোধটি বিবেচনার পর, যথাযথ মনে করিলে, অভিযুক্ত পনেরটি কার্যদিবসের জন্য উক্ত সময় বৃক্ষি মন্তব্য করিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পনেরটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং এইরূপ আদেশ প্রদান করা হইলে, তদন্তকারী কর্মকর্তা উক্ত আদেশের তারিখ হইতে পনেরটি কার্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিবেন।

## অধিকতর তদন্তের প্রতিবেদন প্রাণ্ডির বিশ্টি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ

(৪) অভিযুক্ত ব্যক্তির বিমনকে আনীত অভিযোগ সম্পর্কে তাহাকে এই বিধির অধীনে অবহিত করার বিরুদ্ধে হইতে নবাইটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে ব্যর্থ হইলে অভিযুক্ত ব্যক্তির বিমনকে আনীত অভিযোগ প্রত্যাহার হইয়াছে এবং তদনুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং এইরূপ ব্যর্থতার জন্য দায়ী ব্যক্তি বা ব্যক্তিগণ কৈফিয়ত দিতে বাধ্য থাকিবেন; এবং উক্ত কৈফিয়ত সন্তোসজনক না হইলে, তাহার বা তাহাদের বিমনকে অদৃষ্টতার দায়ে এই বিধিমালার অধীনে কার্যধারা সূচনা করায় হইতে পারে।

(৫) যে ক্ষেত্রে বিধি ৩৮ এর দফা (ক) বা (খ) বা (ঘ) এর অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীর বিমনকে কোন কার্যধারা সূচনা করিতে হয়, এবং কর্তৃপক্ষ এইরূপ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে, তিরঙ্কার দন্ত প্রদান করা যাইতে পারে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ উক্ত কর্মকর্তা বা কর্মচারীকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দান করতঃ দড়ের কারণ লিপিবদ্ধ করার পর, অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দন্ত আরোপ করিতে পারে; তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অধীকার করেন, তাহার হইলে অনুরূপ শুনানী ব্যক্তিরেকেই তাহার উপর উক্ত তিরঙ্কারের দন্ত আরোপ করা যাইবে; অথবা উপ-বিধি (১), (২), (৩) ও (৪) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার অভিযোগ প্রমাণিত হইলে তিরঙ্কার অপেক্ষা শুরুতর অন্য কোন লঘুদণ্ড আরোপ করা যাইবে; যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে সিখিতভাবে অভিযোগ জানাইতে হইবে, তাহা হইলে উপ- বিধি (১), (২), (৩) ও (৪) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, এবং অভিযোগ প্রমাণিত হইলে তিরঙ্কার অপেক্ষা শুরুতর অন্য কোন লঘুদণ্ড আরোপ করিতে হইবে।

✓ ৪২। তুলনাত্মক ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।-(১) যেক্ষেত্রে কোন কর্মকর্তা বা কর্মচারীর বিমনকে এই বিধিমালার অধীন কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ এইরূপ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে শুরু দন্ত আরোপ করার প্রয়োজন হইবে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ-

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রত্যাবিত দন্তের বিষয় উহাতে উল্লেখ করিবে, এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রীত হইয়াছে উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময় অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে তাহাও কর্মকর্তা বা কর্মচারীকে অবহিত করিবে;

(খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা অবহিত করার পর দশটি কার্য দিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে সিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রত্যাবিত দন্ত কেন তাহার উপর আরোপ করা হইবে না তৎস্পরকে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিন্তু না তাহাও উক্ত বিবৃতিতে উল্লেখ করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উল্লেখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃক্ষিক জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহার সিখিত বিবৃতি পেশ করার অন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারে।

(২) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উপ-বিধি (১) (খ) তে উল্লেখিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত সকল বিষয়াদি প্রমাণসহ তাহার সিখিত বিবৃতি বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে-

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাণ কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদন্মুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাণ কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হইলে শুল্কদণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগদান করিয়া তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ত্রিপ্তি কার্য দিবসের মধ্যে যে কোন একটি লঘুদণ্ড আঞ্চলিক প্রতিবেদনে প্রযোজ্য করিবে, অথবা শুল্কদণ্ড আরোপের উদ্দেশ্যে বিধি ৪১ এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত বিধিতে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করিতে পারিবে;

(গ) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর শুল্কদণ্ড আরোপের জন্য পর্যাণ কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তা বা কর্মচারী সমবয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবে।

(৩) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উপ-বিধি (১) এ উল্লেখিত বা বর্ধিত সময়ের মধ্যে তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য সিথিত বিবৃতি পেশ না করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময় সীমা বা বর্ধিত সময় শেষ হওয়ার তারিখ হইতে দায়টি কার্যদিবসের মধ্যে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তা সমবয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্র বিশেষ, তদন্ত কমিটি তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং বিধি ৪৩ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন, এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি, নিয়োগের তারিখ হইতে ত্রিপ্তি কার্য দিবসের মধ্যে, কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন :

তবে শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি নির্ধারিত সময় সীমার মধ্যে তদন্ত কার্য সম্পন্ন করিতে না পারিলে, সিথিতভাবে কারণ উল্লেখ করিয়া তদন্তের সময় বৃক্ষির জন্য তদন্তে আদেশদানকারী কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইতে পারেন, এবং আদেশদানকারী কর্তৃপক্ষ, উক্ত অনুরোধ বিবেচনা করিয়া, প্রয়োজন মনে করিলে, অনুর্ধ্ব বিশিষ্ট কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃক্ষি করিতে পারে।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন পর কর্তৃপক্ষ প্রতিবেদন বিবেচনা করিবে এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত সিপিবক্ষ করিবে, এবং প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশিষ্ট কার্যদিবসের মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্তটি জানাইবে।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-বিধি (৫) মোতাবেক শুল্কদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে যে, প্রত্বাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে এটি কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য তাহাকে নির্দেশ দিবে।

(৭) কর্তৃপক্ষ উপ-বিধি (৬) এ উল্লেখিত সময় অভিবাহিত হওয়ার পর পনেরটি কার্যদিবসের মধ্যে, উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।

(৮) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগ সম্পর্কে অবহিত কর্ত্তার পর একশত আশিটি কার্যদিবসের মধ্যে এই

বিধির অধীনে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে কর্তৃপক্ষ ব্যর্থ হইলে, অভিযুক্ত ব্যক্তি তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ হইতে আপনা হইতেই অব্যাহতি পাইয়াছেন বলিয়া গণ্য হইবে; এবং সেক্ষেত্রে যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ এইরূপ ব্যর্থতার জন্য দায়ী তিনি বা তাহারা ইহার কৈফিয়ত প্রদান করিতে বাধ্য থাকিবেন এবং যদি উক্ত কৈফিয়ত সম্মতজনক না হয়, তবে তাহার বা তাহাদের বিরুদ্ধে অদক্ষতার দায়ে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৯) এই বিধির অধীন তদন্ত কার্যধারায় পর্যাণ সাক্ষ প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে, এবং তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটির প্রতিবেদন উক্ত সাক্ষ-প্রমাণ ও যুক্তিসংগত কারণের ডিস্টিনে প্রস্তুতকৃত হইতে হইবে।

(১০) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৪৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্য প্রণালী।—(১) তদন্ত কর্মকর্তা প্রতিদিন সংশ্লিষ্ট বিষয়ে শুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া, উক্ত শুনানী মূলতরী রাখিবেন।

(২) এই বিধির অধীনে পরিচালিত তদন্তের ফেরে, অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ স্থীকার করেন নাই সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ শুনানীও লিপিবদ্ধ করা হইবে এবং উক্ত অভিযোগসমূহের ব্যাপারে প্রাসংগিক বা গুরুত্বপূর্ণ দলিলী সাক্ষ বিবেচনা করা হইবে। অভিযুক্ত ব্যক্তি তাহার প্রতিপক্ষের সাক্ষীগণকে জেরা করার এবং তিনি নিজে সাক্ষ প্রদান করার এবং তাহার পক্ষ সমর্থন করার জন্য কোন সাক্ষীকে তল্ব করার অধিকারী হইবেন। অভিযোগ ও সংশ্লিষ্ট সকল বিষয় উপস্থাপনকারী ব্যক্তি ও অভিযুক্ত ব্যক্তি এবং তাহার তল্বকৃত সাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন। অভিযুক্ত ব্যক্তি প্রাসংগিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকার অংশ কোন প্রকারেই দেখিতে দেওয়া হইবে না। অভিযুক্ত ব্যক্তিকে যে পিছিত বিবৃতি প্রদানের নির্দেশ দেওয়া হইবে, তিনি তাহা লিখিয়া স্বাক্ষর করিবেন, এবং যদি অভিযুক্ত ব্যক্তি তাহা স্বাক্ষর করিতে অধীকার করেন তাহা হইলে তদন্তকারী কর্মকর্তা ঐ বিষয়টি লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

(৩) তদন্তকারী কর্মকর্তা, কারণ লিপিবদ্ধ করিয়া, কোন নির্দিষ্ট সাক্ষীকে তল্ব করিতে বা কোন নির্দিষ্ট সাক্ষ তল্ব করিতে বা উহা গ্রহণ করিতে অধীকার করিতে পারেন না।

(৪) কর্তৃপক্ষ অভিযোগ ও উহার সমর্থনে অন্যান্য সকল বিষয় তদন্তকারী কর্মকর্তার নিকট উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারেন।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অংগতিতে বাধা প্রদান করিতেছেন বা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে তিনি অভিযুক্ত ব্যক্তিকে উক্ত ব্যাপারে সতর্ক করিয়া দিবেন, এবং ইহার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাঞ্জ করিতেছেন, তাহা হইলে তিনি সেই মর্মে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি যে পক্ষতি সর্বোত্তম বলিয়া মনে করেন সেই পক্ষতিতে তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ উক্ত কর্মকর্তার কর্তৃত্বের প্রতি অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসংগিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন। অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে বিধি ৩৮(খ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারে।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কি না তাহা উপ্পেক্ষ পূর্বক তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে প্রতিটি অভিযোগের উপর বীয় সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, তবে তিনি শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।

(৯) কর্তৃপক্ষ কোন বিষয়ে উপস্থৃত বলিয়া মনে করিলে, এই বিধিমালার অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একাধিক ব্যক্তির সমরয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিতে পারেন, এবং যেক্ষেত্রে অনুরূপ কোন তদন্ত কমিটি নিয়োগ করা হয়, সেক্ষেত্রে এই বিধিতে তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উপ্পেক্ষিত বিষয়ে তদন্ত কমিটির ক্ষেত্রে উপ্পেক্ষিত বিষয় বলিয়া বিবেচিত হইবে।

(১০) উপ- বিধি (৯) এর অধীনে নিযুক্ত কমিটির কোন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্থ হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৪৪। সাময়িক বরখাস্ত।—(১) বিধি ৩৮ এবং ৩৯ এর অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুত্বপূর্ণ প্রদানের সম্ভাবনা থাকিলে, নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারে :।

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মকর্তা বা কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উপ্পেক্ষিত তারিখ হইতে, তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(২) উপ-বিধি (১) এর অধীনে প্রদত্ত সাময়িক বরখাস্তের আদেশ ত্রিপুরা কার্মদিবস অতিবাহিত হওয়ার পর বাতিল হইয়া যাইবে, যদি না উক্ত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পূর্বে বিধি ৪২ এর অধীনে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ তাহাকে অবহিত করা হয়।

(৩) যেক্ষেত্রে কোন কর্মকর্তা বা কর্মচারীর প্রতি চাকুরী হইতে আরোপিত বরখাস্ত বা অপসারণের আদেশ কোন আদালত বা প্রশাসনিক টাইবুনালের সিদ্ধান্তের দ্বারা বা উহার ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ বিষয়টি পরিস্থিতি বিবেচনার পর মৃত্যু: যে অভিযোগের ভিত্তিতে তাহাকে বরখাস্ত বা অপসারণের দন্ত দেওয়া হইয়াছিল সেই ব্যাপারে তাহার বিরুদ্ধে অধিকতর তদন্তকার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করে, সেক্ষেত্রে উক্ত বরখাস্ত বা অপসারণের দন্ত আরোপের মূল আদেশের তারিখ হইতে উক্ত কর্মকর্তা বা কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৪) কোন কর্মকর্তা বা কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে অনুরূপ ক্ষেত্রে সরকারী কর্মচারীগণের প্রতি প্রযোজ্য বিধি বা আদেশ বা নির্দেশ অনুযায়ী উহাতে প্রযোজনীয় অভিযোগনসহ খোরাকী ভাতা পাইবেন।

(৫) ঝণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপর্স [কারাগারে সোপর্স, অর্থে 'হেফাজতে' (Custody) রাখিত ব্যক্তিগণও অস্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে] কর্মকর্তা বা কর্মচারীকে গ্রেফতারের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং 'তাহার বিরুদ্ধে এই বিধিমালার অধীনে সূচিত কার্যধারা পরিসমাপ্ত নাহওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকী ভাতা পাইবেন।

৪৫। পুনর্বহাল।—(১) যদি বিধি ৪০ (ক) মোতাবেক ছুটিতে প্রেরিত কোন কর্মকর্তা বা কর্মচারীকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত, বা পদারনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পুনর্বহাল

করা হইবে অথবা ক্ষেত্র বিশেষে তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদা প্রদান করা হইবে এবং ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

(২) সামরিকভাবে বর্খাস্ত কোন কর্মকর্তা বা কর্মচারীকে পূর্ববাহনের বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা (Bangladesh Service Rules) প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

৪৬। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মকর্তা বা কর্মচারী—ঝণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মকর্তা বা কর্মচারী কারাগারে সোপন হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে মামলা পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতিকালের জন্য তিনি কোন বেতন, ছুটি কালীন বেতন বা উক্ত সোপন থাকাকালীন অন্যান্য তাত্ত্বিক (খোরাকী ভাতা ব্যতীত) পাইবেন না। মালার পরিস্থিতি অনুসারে তাহার বেতন ও তাত্ত্বিক উক্ত ঝণ বা অপরাধ সংক্রান্ত মামলা নিষ্পত্তির পর, সমবয় করা হইবে। তিনি অভিযোগ হইতে থালাস পাইলে, অথবা ঝণের দায়ে কারাবরণের ক্ষেত্রে উক্ত দণ্ড তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, তাহার প্রাপ্য বেতন-তাত্ত্বিক টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে। এইরূপে তাহাকে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবে, উক্তরূপে প্রাপ্য বেতন-তাত্ত্বিক বাবদ সম্পূর্ণ টাকা অপেক্ষা কম টাকা প্রদান করা হইলে, উক্ত সময় কর্তব্যকাল বা ছুটি বলিয়া গণ্য হইবে, কিন্তু আদেশদানকারী কর্তৃপক্ষ সেই মর্মে নির্দেশ প্রদান না করিলে এইরূপ গণ্য করা হইবে না।

৪৭। আদেশের বিরুদ্ধে আপীল।—(১) কোন কর্মচারী তাহার চাকুরীর শর্ত সংক্রান্ত কোন আদেশ দ্বারা সংক্রুত হইলে তিনি নিম্নবর্ণিত কর্তৃপক্ষের নিকট আপীল দায়ের করিতে পারিবেন, যথা :—

(ক) বিরোধীয় আদেশটি পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হইলে, পরিষদের চেয়ারম্যানের নিকট;

(খ) বিরোধীয় আদেশটি পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হইলে, সরকারের নিকট।

(২) কোন কর্মকর্তা তাহার চাকুরীর শর্ত সংক্রান্ত কোন আদেশ দ্বারা সংক্রুত হইলে, তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের নিকট আপীল বা ক্ষেত্রমত পুনর্বিবেচনার আবেদন দায়ের করিতে পারিবেন।

✓ (৩) আপীল পুনর্বিবেচনাকারী কর্তৃপক্ষ নিরোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবেন, যথা :—

(ক) এই বিধিমালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কি না, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কি না;

(খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায়সংগত কি না;

(গ) আরোপিত দণ্ড মাত্রাত্তিক্রিক, পর্বাপ্ত বা অপর্যাপ্ত কি না।

(৪) উপ-বিধি ১৩) এ উক্তবিধি বিবৃতসমূহ বিবেচনার প্র আপীল পুনর্বিবেচনাকারী কর্তৃপক্ষ যে আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচনা করে, আপীল বা পুনর্বিবেচনার আবেদন দায়েরের নবাইটি কার্যদিবসের মধ্যে, সেই আদেশ প্রদান করিবে এবং এই আদেশেই ছুটি বলিয়া গণ্য হইবে।

(৫) আপীল পুনর্বিবেচনা দরখাতে আপীল বা পুনর্বিবেচনার কারণ সংক্ষিপ্ত আকাতে লিপিবদ্ধ করিয়া সরখাতের সহিত প্রাসাদগীক কাগজানি দাখিল করিতে হইবে।

৪৮। আপীল, পুনর্বিবেচনা দরখাস্ত দাখিলের সময়সীমা।—যে আদেশের বিরুদ্ধে আপীল বা পুনর্বিবেচনা দরখাস্ত দাখিল করা হইবে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারী তৎসম্পর্কে অবহিত হওয়ার তিন মাসের মধ্যে উহার বিরুদ্ধে আপীল বা পুনর্বিবেচনা দরখাস্ত দাখিল না করিলে উক্ত আপীল পুনর্বিবেচনা দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না :

তবে শর্ত থাকে যে, বিশেষের কারণ সম্পর্কে সম্মত হইয়া যথাযথ মনে করিলে আপীল পুনর্বিবেচনা কর্তৃপক্ষ উক্ত তিন মাস অতিবাহিত হওয়া সত্ত্বেও পরবর্তী তিন মাসের মধ্যে কোন আপীল পুনর্বিবেচনা দরখাস্ত বিবেচনার জন্য গ্রহণ করিতে পারেন।

৪৯। আদালতে বিচারাধীন কর্মধারা।—(১) কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সম্পন্নের ব্যাপারে কোন বাধা থাকিবে না, কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দন্ত আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে উক্ত আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত এইরূপ দভারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মকর্তা বা কর্মচারী Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (V of 1985) এ বর্ণিত কোন অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দেবী সাব্যস্ত হইয়া সাজাপ্রাণ হইলে উক্ত কর্মকর্তা বা কর্মচারীকে এই বিধিমাদার অধীনে শাস্তি প্রদান করা হইবে কি না নিয়োগকারী কর্তৃপক্ষ তাহা স্থির করিবে।

(৩) এই বিধির অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে নিয়োগকারী কর্তৃপক্ষ বিষয়টির পরিস্থিতিতে ঘেরাপ উপযুক্ত বলিয়া বিবেচনা করে সেইরূপ দন্ত প্রদান করিতে পারে এবং এইরূপ দন্ত প্রদানের জন্য ঐ কর্মকর্তা বা কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-বিধি (৩) এর অধীনে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর উপর কোন দন্ত আরোপ ন করার সিদ্ধান্ত গ্রহণ করিলে, তৎসম্পর্কে কর্তৃপক্ষ সরকারের অনুমোদন গ্রহণ করিবে।

#### অষ্টম অধ্যায়

##### অবসর গ্রহণ, চাকুরী অবসান, ইত্যাদি

৫০। অবসর গ্রহণ, ইত্যাদি বিষয়ে Act XII of 1974 এর প্রয়োগ।—কর্মকর্তা ও কর্মচারী অবসর গ্রহণ ও পুনর্নিয়োগের ব্যাপারে Public Servants Retirement Act, 1974 (XII of 1974) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫১। ভবিষ্য তহবিল ও আনুতোষিক।—কর্মকর্তা ও কর্মচারীগণের ভবিষ্য তহবিল ও আনুতোষিক সংক্রান্ত সকল বিষয় জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ অনুসারে পরিচালিত হইবে।

৫২। চাকুরী অবসান-নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই, এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং এইরূপ চাকুরী অবসানের কারণে শিক্ষানবিস কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

৫৩। ইষ্টফাদান ইত্যাদি-(১) কোন কর্মকর্তা বা কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উচ্ছেষ্পূর্বক তিন মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি জেলা পরিষদকে তাহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাহার অভিপ্রায় উচ্ছেষ্পূর্বক এক মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি জেলা পরিষদকে তাহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মকর্তা বা কর্মচারীর বিষয়ে শৃঙ্খলাজনিত ব্যবহা গ্রহণ শুরু হইয়াছে তিনি জেলা পরিষদের চাকুরীতে ইষ্টফাদান করিতে পারিবেন না :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন বিশেষ ক্ষেত্রে যেইরূপ উপযুক্ত বিসিয়া বিবেচিত করিবে সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইষ্টফাদানের অনুমতি দিতে পারে।

#### নবম অধ্যায়

৫৪। অসুবিধা দূরীকরণ।-যেক্ষেত্রে এই বিধিমালার কোন বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য কোন বিধিমালা বা আদেশ বা নির্দেশ প্রয়োগ বা অনুসরণের বিধান আছে, কিন্তু উহা প্রয়োগ বা অনুসরণে অসুবিধা দেখা দেয়, সরকার লিখিত আদেশ দ্বারা, উক্ত বিষয়ে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং এই ব্যাপারে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

তফসিল

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা।	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২		৪	৫

অর্গানিজেশানে অন্তর্ভুক্ত পদ

১। সচিব	-	প্রেষণে	সরকারী কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে।
২। সহকারী প্রকৌশলী	-	প্রেষণে	সরকারী কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে।
৩। প্রশাসনিক অফিসার	৩৫ বৎসর	সরাসরি বা পদোন্তি সরাসরি-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী এবং সরকারী বা আধা সরকারী অফিসে ৫ বৎসরের অভিজ্ঞতা।	
		✓ পদোন্তি-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী এবং প্রধান সহকারী পদে ১০ বৎসরের অভিজ্ঞতা।	
৪। উপ-সহকারী প্রকৌশলী	-	প্রেষণে	সরকারী কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে।
৫। প্রধান সহকারী	৩২ বৎসর	সরাসরি বা পদোন্তি সরাসরি-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী। পদোন্তি-উচ্চমান সহকারী পদে ৫ বৎসরের অভিজ্ঞতা।	

এন্ডো

০৩০৫, ৫, প্রাচীন প্রকাশনা, কলকাতা, পুরুষ প্রকাশনা।

৬।	হিসাব রক্ষক	৩২ বৎসর	সরাসরি বা পদোন্নতি	সরাসরি-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ২য় শ্রেণীতে স্নাতক ডিগ্রী।
৭।	সহকারী হিসাব রক্ষক	৩০ বৎসর	২৫% সরাসরি এবং ৭৫% পদোন্নতি	সরাসরি-স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী এবং প্রতিষ্ঠানিক কাজে অভিজ্ঞতা। পদোন্নতি-উচ্চমান সহকারী পদে ৫ বৎসরের অভিজ্ঞতা।
৮।	উচ্চমান সহকারী	৩০ বৎসর	২৫% সরাসরি এবং ৭৫% পদোন্নতি	সরাসরি-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং দাউনরিক চিটিগত লিখন কাজে অভিজ্ঞতা। পদোন্নতি-নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে তিনি বৎসরের অভিজ্ঞতা।
৯।	স্টেট লিপিকার	১৮-২৭ বৎসর	সরাসরি	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজীতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতা। বিভাগীয় প্রাথীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স- সীমা স্থিরযোগ্য।

১০।	নিম্নমান সহকারী-কাম- মুদ্রাক্ষরিক।	১৮-২৭ বৎসর	সরাসরি	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩৭ শব্দ টাইপ করার যোগ্যতা।
১১।	ওয়ার্ক এসিস্ট্যান্ট/ সার্ভেচার।	--	প্রেষণে	সরকারী কর্মচারীদের মধ্যে হইতে প্রেষণে।
১২।	ইলেক্ট্রিশিয়ান	১৮-২৭ বৎসর	সরাসরি	সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সনদপ্রাপ্ত।
১৩।	মটর মেকানিক	৩২ বৎসর	সরাসরি	হালকা যান চালনায় বৈধ লাইসেন্স এবং যান্ত্রিক টেড কোর্স সার্টিফিকেট এবং মটর মেকানিক কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা।
১৪।	পরিবহন চালক	৩২ বৎসর	সরাসরি	হালকা যান চালনায় বৈধ লাইসেন্স থাকিতে হইবে এবং ইংরেজী ও বাংলা শব্দ পড়িবার সাধারণ জ্ঞানের অধিকারী হইতে হইবে।
১৫।	ডুপ্লিকেটিং মেশিন অপা- রেটর-কাম-দণ্ডরী।	১৮-২৭ বৎসর	সরাসরি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা তৎসহ মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা।
১৬।	প্রহরী	১৮-২৭ বৎসর	সরাসরি	অষ্টম শ্রেণী পাস।
১৭।	বার্তাবাহক	১৮-২৭ বৎসর	সরাসরি	অষ্টম শ্রেণী পাস।

১৮। এম,এল,এস,এস

১৮-২৭ বৎসর

সরাসরি

অষ্টম শ্রেণী পাস।

১৯। সুইপার

১৮-২৭ বৎসর

সরাসরি

সুস্থ দেহের অধিকারী।

### অগ্রন্তোম বহির্ভূত পদ

(ক) শিক্ষা প্রতিষ্ঠান

১। অধ্যক্ষ

৪৫ বৎসর

সরাসরি বা পদোন্নতি

সরাসরি-স্থান্ত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ<sup>১</sup>  
স্নাতক ডিগ্রীসহ ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা  
অথবা বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীন  
ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ১ম বিভাগে  
উত্তীর্ণসহ ১৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।  
পদোন্নতি-ইলেক্ট্রিক সিভিল পদে ৭ বৎসর চাকুরী।

২। ইলেক্ট্রিক (সিভিল)

২৭ বৎসর

সরাসরি বা পদোন্নতি

সরাসরি-স্থান্ত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ  
স্নাতক ডিগ্রী অথবা বাংলাদেশ কারিগরী শিক্ষা  
বোর্ডের অধীন ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং  
পরীক্ষায় পাসসহ এ, এম, আই,ই এর সেকশন 'এ'  
ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ।

পদোন্নতি-জুনিয়র ইলেক্ট্রিক (সিভিল/সার্টেড) পদে ৪ বৎসরের  
শিক্ষকতার অভিজ্ঞতা।

৩। ইলেক্ট্রিটর (সার্টে)

২

৩

৪

৫

২৭ বৎসর

সরাসরি বা পদোন্তি সরাসরি-স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিডিইজিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী অথবা বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীন ডিপ্লোমা-ইন-সিডিই ইজিনিয়ারিং পরীক্ষায় পাসসহ এ, এম, আই,ই এর সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ।  
পদোন্তি-জুনিয়র ইলেক্ট্রিটর (সিডিই/সার্টে) পদে ৪ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।

৪। ইলেক্ট্রিটর (ননটেক)

২৭ বৎসর

সরাসরি বা পদোন্তি সরাসরি-স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিদ্যা বা রসায়ন বিষয়ে অন্যন্য বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।  
পদোন্তি-জুনিয়র ইলেক্ট্রিটর (ননটেক) পদে ৪ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।

৫। কারখানা তত্ত্বাবধায়ক  
(সিডিই/সার্টে)

২৭ বৎসর

সরাসরি বা পদোন্তি সরাসরি-স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিডিইজিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী অথবা বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীন ডিপ্লোমা-ইন-সিডিই ইজিনিয়ারিং পরীক্ষায় পাসসহ এ, এম, আই,ই এর সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ।  
পদোন্তি-জুনিয়র ইলেক্ট্রিটর (সিডিই/সার্টে) পদে ৪ বৎসরের অভিজ্ঞতা।

জুনিয়র ইলেক্ট্রিষ্ট  
ডেমোনস্ট্রেটর (সিলিন/  
সার্টে)।

১৮-২৭ বৎসর

সরাসরি

বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীন ডিপ্লোমা-  
ইন-সিলিল ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় পাস।

৭। জুনিয়র ইলেক্ট্রিষ্ট (ননটেক) ১৮-২৭ বৎসর

সরাসরি

স্থাকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যা, রসায়ন ও  
গণিত সহ ২য় বিভাগে বি, এসসি, পাস।

৮। ক্রাফট ইলেক্ট্রিষ্ট (উডসপ/  
প্রাথিমিকেশনারী)।

সরাসরি

সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা অথবা কারিগরী শিক্ষা  
বোর্ড এর অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে  
সংশ্লিষ্ট বিভাগে ট্রেড কোর্স পাস।

৯। ল্যাবরেটরী সহকারী ১৮-২৭ বৎসর

সরাসরি

পদার্থ বিদ্যা/রসায়ন বিদ্যা বিষয়ে অন্যন্য বিভাগে  
উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস সহ সংশ্লিষ্ট  
কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা।

১০। রাজমিস্ত্রী ১৮-২৭ বৎসর

সরাসরি

সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।

#### (খ) প্রেস

১। ম্যানেজার ১৮-২৭ বৎসর

সরাসরি

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস সহ সংশ্লিষ্ট  
কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা।

২। প্রিন্টার ১৮-২৭ বৎসর

সরাসরি

সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।

শিক্ষাপ্রযোগ উন্নয়ন কর্তৃপক্ষ পরিষদ

০৬৬০

৩।	কম্পোজিটর	১৮-২৭ বৎসর	সরাসরি	সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।
৪।	প্রধান প্রেসম্যান/২য় প্রেস ম্যান/মেশিন ম্যান।	১৮-২৭ বৎসর	সরাসরি	সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।
৫।	ইঙ্গিয়ান	১৮-২৭ বৎসর	সরাসরি	সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।
৬।	ফাই বয়	১৮-২৭ বৎসর	সরাসরি	সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।
৭।	বাইন্ডার	১৮-২৭ বৎসর	সরাসরি	সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
যোহাম্মদ আবু হেনা  
সচিব।

মোঃ সিদ্দিকুর ইহমান, ডেপুটি কর্টোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
খোন্দকার মাইক্রোজিল করিম, ডেপুটি কর্টোলার, বাংলাদেশ ফ্রেমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা  
কর্তৃক প্রকাশিত।

০৩২০-৩৩৩৩-৮৮৮৮—৮৮৮৮

# বাংলাদেশ গেজেট



অভিযন্তা সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃত্তবার, এপ্রিল ১, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় অধ্যক্ষাত্মক  
স্থানীয় সরকার বিভাগ  
আ-প্রজেই-৩।

প্রত্যাগন

তারিখ, ৩১শে মার্চ, ১৯৯২/১৭ই টুকু, ১৩৯৪

এস. আর. ও. নং ৭৯-অইন/৯২/শা-প্রজেই-৩/১ আর-১/৯২/৫৪—স্থানীয় সরকার (কেন্দ্রীয় পরিষদ) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ২৯ নং আইন) এর ধারা ৫৬ (ধারা ২২ এর সাথে  
পঠিতব্য) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্তৃপক্ষ ও কর্মচারী  
সকুরী বিধিমালা, ১৯৯০ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের তারিখ নং ৩ এর ক্লায় ৫ এর এন্টি “গণোন্নতি-কেন্দ্ৰীয়  
বৰ্ষবিদ্যালয় ইইতে স্নাতকোত্তৰ ডিপ্রী এবং প্রধান সহকারী পদে ১০ বৎসরের  
অভিজ্ঞতা” এর পরিবর্তে নিম্নরূপ এন্টি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“গণোন্নতি-প্রধান সহকারী, হিসাব শাস্ত্রক দ্বা পার্টিলিঙ্গকারী পদে ১০ বৎসরের  
চাকুনীয় অভিজ্ঞতা।”

বাষ্টুপতির আদেশদ্বারা

শ. শাকাম্বৰ আহা।

উপ সচিব।

বিদের রহমান, উপ-নির্বাচক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত।  
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নির্বাচক, বাংলাদেশ ফরমস্স ও প্রকল্পনী আৰুণ,  
চট্টগ্রাম, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫৫:৫)

মুদ্রা: ঢাকা ১.০০

রেজিস্টার্ড নং ডি ৪-১



# বাংলাদেশ

# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৯, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পদ্মা উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(প্রজেই-৪ শাখা)।

## প্রজ্ঞাপন

তারিখ, ৭ই মে ২০০২/২৪শে বৈশাখ ১৪০৯

এস.আর.ও নং ৮৬-আইন/২০০২/প্রজেই-৪/জেপ-৫৯/২০০০—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯নং আইন) এর ধারা ৭৩-তে অন্তর্ভুক্ত সরকার স্থানীয় সরকার (জেলা পরিষদ), কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০-এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল,  
যথা :—

উক্ত বিধিমালার তফসিলের ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম ৫ এর এন্টি “পদোন্নতি—প্রধান সহকারী, হিসাব রক্ষক বা সাটলিপিকার পদে ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা” এব পরিবাতে নিম্নরূপ এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

- “পদোন্নতি—ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং প্রধান সহকারী পদে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা, অথবা  
খ. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং হিসাব রক্ষক পদে ১০ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা, অথবা  
গ. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং সাটলিপিকার পদে ন্যূনতম ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।”।

বাস্তুপতির আদেশক্রমে

মোঃ আব্দুল হাম্মাদ

উপ-সচিব (প্রশাসন)।

মোঃ সারোয়ার জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম (উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত)।

(২১৫৩)

মূল্য : টাকা ১.০০

স্টার্জ নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৬, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

জেলা পরিষদ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৮ জানুয়ারি ২০০৬/ ২৫ পৌষ ১৪১২

এস, আর, ও নং ০২-আইন/২০০২/জেপশা/বিধি-১/২০০৬।—জেলা পরিষদ আইন, ২০০০  
(২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার স্থানীয় সরকার (জেলা পরিষদ)  
কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ৪—

(ক) বিধি ২ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ৪—

“(ক) “আইন” বলিতে স্থানীয় সরকার (জেলা পরিষদ) আইন, ২০০০  
(২০০০ সনের ১৯নং আইন) বুঝাইবে”;

(খ) বিধি ৩ এর উপ-বিধি (২) এর শেষে শর্তাংশ বিলুপ্ত হইবে এবং উপ-বিধি (২) এ  
“নিয়োগ করা হইবে না” শব্দগুলির পর কোলম (৪) এর পরিবর্তে দাঢ়ি (১)  
প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ২৪ এর উপ-বিধি (১) এর “তিন মাস” শব্দগুলির পরিবর্তে “চার মাস” শব্দগুলি  
প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ২৫ এর উপ-বিধি (১) এ “কোন কর্মকর্তা বা কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ  
বেতনে এবং আরও ছয় মাস অর্ধ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন” বাক্যটির  
পরিবর্তে “কোন কর্মকর্তা বা কর্মচারী ছুটি পাওনা থাকা সাপেক্ষে, বার মাস পর্যন্ত  
পূর্ণ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন” বাক্যটি প্রতিস্থাপিত হইবে;

(১৩৯)

মূল্য : টাকা ৪.০০

- (ঙ) বিধি ৪১ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা  
 (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—
- “(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রেরণ কৈফিয়ত, যদি কিছু থাকে  
 বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন,  
 তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ প্রদানের পর অথবা নির্ধারিত সময়ের  
 মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন তবে তাহাকে যে কোন লঘুদণ্ড  
 প্রদান করিতে পারিবেঃ”

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ যথাযথ মনে করিলে অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার  
 নীচে নহেন এমন একজন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিয়োগ করিতে  
 পারিবে; তদন্তকারী কর্মকর্তা অভিযোগের তদন্ত করিবেন এবং বিচার্য বিষয়ে  
 মতামতসহ প্রতিবেদন দাখিল করিবেন”;

- (চ) বিধি ৪১ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে,  
 যথা :—

“(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত  
 গ্রহণ করিবে অথবা প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ  
 দিতে পারিবে”;

- (ছ) বিধি ৪১ এর উপ-বিধি (৩) এ “বিশাটি কার্যদিবসের মধ্যে” শব্দগুলি বিলুপ্ত হইবে;

- (জ) বিধি ৪১ এর উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে;

- (ঝ) বিধি ৪১ এর উপ-বিধি (৫) এ দুইবার উল্লিখিত “উপ-বিধি (১), (২), (৩) ও (৪)”  
 শব্দ, সংখ্যা, চিহ্ন ও বন্ধনীর পরিবর্তে “উপ-বিধি (১), (২) ও (৩)” শব্দ, সংখ্যা,  
 চিহ্ন ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

- (ঞ) বিধি ৪২ এর উপ-বিধি (২) এর দফা (খ) এ “তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য  
 বিবৃতি পেশের তারিখ হইতে বিশাটি কার্যদিবসের মধ্যে” বাক্যটি বিলুপ্ত হইবে;

- (ট) বিধি ৪২ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে,  
 যথা :—

“(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্রবিশেষে তদন্ত কর্মটি তদন্তের আদেশ প্রাপ্তির  
 তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং  
 বিধি ৪৩ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং উহার  
 তদন্ত প্রতিবেদন পেশ করিবেন”;

- (ঠ) বিধি ৪২ এর উপ-বিধি (৫) এ “প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশাটি কার্যদিবসের  
 মধ্যে” বাক্যটি বিলুপ্ত হইবে;

- (ড) বিধি ৪২ এর উপ-বিধি (৭) এ “পনেরটি কার্যদিবসের মধ্যে” শব্দগুলি বিলুপ্ত হইবে;

- (ঢ) বিধি ৪২ এর উপ-বিধি (৮) বিলুপ্ত হইবে;

- (ণ) বিধি ৪৪ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

- (ত) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
 “৩০ বৎসর”;

(থ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৫ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
 “৩০ বৎসর”;

(দ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৬ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
 “৩০ বৎসর”;

(ধ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৭ এর বিপরীতে কলাম ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

১০০%	শীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য স্নাতক ডিগ্রী এবং সরাসরি , প্রাতিষ্ঠানিক কাজে অভিজ্ঞতা”
------	--

(ন) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৯ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রি “১৮-২৭ বৎসর” এর পরিবর্তে এন্ট্রি “৩০ বৎসর” প্রতিস্থাপিত হইবে এবং কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

“উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইঁরেজীতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিলযোগ্য।”;

(প) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১০ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“নিম্নমান-সহকারী-কাম-	৩০ বৎসর	৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এ
মূদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর		৫০% পদ ডুপ্লিকেটি মেশিন অপারেটর ব বার্তাৰাহক বা এমএলএসএস পদ পদেন্ত্রিতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রাথমিক পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।

সরাসরিঃ উচ্চ মাধ্যমিক  
সার্টিফিকেট অথবা সমমানের  
শিক্ষাগত যোগ্যতা এবং  
ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ  
এবং বাংলায় প্রতি মিনিটে ৩০  
শব্দ টাইপ করার যোগ্যতাসহ  
কম্পিউটার চালনায় প্রয়োজনীয়  
দক্ষতা থাকিতে হইবে।

পদ্মোন্নতিঃ ফিডার পদে পাঁচ  
বৎসরের সত্ত্বেজনক চাকুরী  
এবং প্রয়োজনীয় শিক্ষাগত  
যোগ্যতাসহ টাইপে নির্ধারিত  
গতি থাকিতে হইবে।

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জানুয়ারি ১৬, ২০০৬

- (ফ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১১ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—
- “সার্ভেয়ার ৩০ বৎসর ১০০% সরাসরি সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনসিটিউট হইতে ডিপ্লোমা”
- (ব) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১২ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”;
- (ভ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৩ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”;
- (ম) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৪ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”;
- (য) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৫ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”;
- (র) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৬ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”;
- (ল) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৭ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”;
- (শ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৮ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”;
- (ষ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৯ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—  
“৩০ বৎসর”।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
এ এইচ এম আবুল কাসেম  
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

জেলা পরিষদের টি ও এত ই

চেয়ারম্যান

জনবল-৫

- ১। চেয়ারম্যান
- ১। সার্টিপিকার
- ১। ডাইভার
- ২। এম, এল, এস, এস

কারিগরী উইঁ

জনবল-৮

- ১। সহকারী প্রকৌশলী (ডেপুটেশন)
- ১। উপ-সহকারী প্রকৌশলী (ডেপুটেশন)
- ১। উচ্চমান সহকারী ✓
- ১। নিম্নমান সহকারী-কাম-মূদ্রাকরিক
- ১। ঘরার্ক-এ্যাসিস্ট্যান্ট/সার্ভেয়ার (ডেপুটেশন)
- ১। ইলেক্ট্রিশিয়ান
- ২। এম, এল, এস, এস

প্রশাসনিক উইঁ

জনবল-১৩

- ১। সচিব (ডেপুটেশন)
- ১। প্রশাসনিক অফিসার  
(১ম ক্লাসেরীয়  
জেলায়)
- ১। প্রধান সহকারী (যে  
সকল জেলায়  
কর্মরত আছে)
- ১। উচ্চমান সহকারী ✓
- ১। হিসাব রক্ষক/  
সহকারী হিসাব  
রক্ষক
- ১। নিম্নমান সহকারী-  
কাম-মূদ্রাকরিক
- ১। ডাইভার/মটর  
মেকানিক
- ১। ছুপ্পিকেটিং মেশিন  
অপারেটর-কাম-  
দণ্ডী
- ১। প্রহরী
- ১। বাংলা বাহক
- ২। এম, এল, এস, এস
- ১। সুইপার

সার্জ সরনজাম

- ১। ছীপ (চেয়ারম্যানের জন্য)
- ১। ছীপ (সচিবের জন্য)
- টাইপরাইটার
- ১। ছুপ্পিকেটিং মেশিন